

## কাগজের নাও

*Ti bato papye, Alain Fanchon*

*Tradukis en la bengalan/Translated into Bengali: Mina Dan*

যাও ভেসে যাও কাগজের নাও, স্বপ্ন আমার বয়ে নিয়ে যাও,  
স্রোতের ধারাটি ধরে।

দ্রুততম তুমি, স্রোতের পাড়িতে, খড়-কুটো-পাতা ফেলে পশ্চাতে  
ভেসে যাও পথ করে।

তুমি তটিনীতে আমি তট ধরে ছুটতে ছুটতে সমান্তরালে  
হয়ে গেছি একাকার-

একটি হৃদয় একটি মনন এক অনুভূতি একই চেতন  
হরিহর সমাহার।

স্রোত টানে তোকে, তুই যে আমাকে, তোর আর আমার ভাগ্য ছুটেছে  
স্রোতের নিয়ন্ত্রণে।

যাও ভেসে যাও কাগজের নাও, স্বপ্ন আমার বয়ে নিয়ে যাও,  
স্রোতের ধারাটি ধরে।

দেশলাইয়ে-ধরা টিকিট-নিশান হাওয়ায় হাওয়ায় ওড়ে টানটান  
উড়ছে অহংকার!

আমার হৃদয় কাঁপে ভয়ে ভয়ে- হাওয়া কি ডোবাবে? তলিয়ে কি যাবি?  
ঘনঘটা শঙ্কার!

কোথা শুরু স্রোত? কোথায় সে শেষ? বহমান ধারা এ কি বাস্তব?  
নাকি মরীচিকা গড়ে?

যাও ভেসে যাও কাগজের নাও, স্বপ্ন আমার বয়ে নিয়ে যাও,  
স্রোতের ধারাটি ধরে।

ভয় কাকে বলে সে তো জানা নেই, জল কেটে একা পাড়ি দিস তুই,  
হাওয়াও বইছে জোরে।

এমন নৌকো কত যে ভেসেছে আরো যে ভাসাবে কতজন পরে  
হিসেব কে-ই বা রাখে?

ইতিহাস নাকি আসে ঘুরে ফিরে পুনরাবৃত্ত হয় বারে বার  
শোনা যায় লোকমুখে।

আমি দেবো আশা সাহস দে তুই, তুই আমি মিলে বদলে দেবই  
চেনা ইতিহাসটাকে।

যাও ভেসে যাও কাগজের নাও, স্বপ্ন আমার বয়ে নিয়ে যাও,  
স্রোতের ধারাটি ধরে।

- - - - -

বাংলা : মীনা দাঁ - অধ্যাপক, ভাষাতত্ত্ব বিভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয়  
<http://caluniv.academia.edu/MinaDan/>

৩৩৩ ০ ২২২



<http://goo.gl/6lcIBu>

Pdf: <http://goo.gl/xvnTeC> (+ .... \_25marto2014.doc, ...\_25marto2014.MP3 )

**2014**

*46th anniversary of the independence of Mauritius*

*46 ans d'indépendance de l'île Maurice | 46 jaroj de sendependa Maŭricio*